ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮১১
আগরতলা, ১০ সেপ্টেম্বর, ২০২৫

**নবজাত শিশুর স্বাস্থ্য পরীক্ষা ও মায়েদের সচেতনতা বৃদ্ধিতে বিশেষ উদ্যোগ**

ঊনকোটি জেলার কাঞ্চনবাড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অধীন পশ্চিম কাঞ্চনবাড়ি এলাকায় নবজাত শিশু ও মায়েদের সুস্বাস্থ্য নিশ্চিত করতে স্বাস্থ্যকর্মীরা বাড়ি বাড়ি গিয়ে পরিদর্শন করছেন। গত ৬ সেপ্টেম্বর, আশা ফেসিলিটেটর স্বপ্না দাস এবং আশাকর্মী অনুরাণী দে ঐ এলাকার বাসিন্দা অলকা দত্তের বাড়িতে যান। অলকা দত্ত গত ১২ আগস্ট ঊনকোটি জেলা হাসপাতালে কন্যা সন্তানের জন্ম দেন। জন্মের সময় শিশুটির ওজন ছিল ৩ কেজি ৫০০ গ্রাম। পরিদর্শনকালে তাঁরা হোম বেসড নিউবর্ন কেয়ার(HBNC) পরিষেবা প্রদান করেন। এর মাধ্যমে শিশুদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা এবং যত্নের বিষয়ে মা-বাবা ও অভিভাবকদের পরামর্শ দেওয়া হয়। একই সাথে মায়েদের স্বাস্থ্য, পুষ্টি, বিশ্রাম ও পরিচ্ছন্নতা সম্পর্কে সচেতন করা হয়। আশাকর্মীরা শিশুটির ওজন, শরীরের তাপমাত্রা এবং সার্বিক স্বাস্থ্য পরীক্ষা করেন। তারা অলকা দত্তকে শিশুকে সঠিক টিকাকরণ, প্রথম ছয় মাস শুধু মায়ের দুধ পান করানো এবং ছয় মাস পর থেকে পরিপূরক ও সুষম পুষ্টিকর খাবার খাওয়ানোর বিষয়ে পরামর্শ দেন। পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার গুরুত্ব নিয়েও আলোচনা করা হয়। এই ধরনের নিয়মিত পরিদর্শন শিশু মৃত্যুর হার কমাতে এবং মা ও শিশুর স্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*******